ভূমি সংস্কার বোর্ড
চেয়ারম্যান এর কার্যালয়
ডায়রী নং.........
তারিখ.........
সদস্য (প্রশাসন)
সদস্য (ভূমি ব্যবস্থাপনা)

১৭৫৭
১২/১২/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-১ শাখা
cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৬৬.০০৫.১৭.৩০৪

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৪
১৪ ডিসেম্বর ২০১৭

বিষয়: ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে সংযুক্ত করা।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৬ নভেম্বর ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭-৩৪৮৬ নম্বর স্মারক।

ALRC-6

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ এবং ০৪.০০.০০০০.৮৩১.২২.০০১.০১৭.১৪৯ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি তথ্য ও সেবা কাঠামো (Land Information and Service Framework) সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লিখিত প্রজ্ঞাপনসমূহের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং ভূমি মন্ত্রণালয়ের সহযোগিতায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও ভূমি সংস্কার বোর্ড কর্তৃক ই-মিউটেশন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭ আগষ্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৬.২২০৯ এবং এ বিভাগের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর স্মারকের মর্ম মতে আগামী ২০১৮ সালের জুন মাসের মধ্যে সকল উপজেলায় ই-নামজারি বাস্তবায়নের জন্য নির্দেশনা রয়েছে (কপি সংযুক্ত)।

২। এরই পরিপ্রেক্ষিতে ভূমি-তথ্য ও সেবা কাঠামো তৈরি করা হয়েছে এবং ইতোমধ্যে আর-এস খতিয়ান সিস্টেম (RS-K), ই-নামজারি (E-Mutation) সিস্টেম এবং উত্তরাধিকার ক্যালকুলেটর এই কাঠামোতে সংযুক্ত (Integration) করা হয়েছে। অন্যান্য ভূমি-তথ্য ও সেবাসমূহ উক্ত কাঠামোতে সংযুক্ত করার কার্যক্রমও অব্যাহত রয়েছে। ভূমি-তথ্য ও সেবা কাঠামো বাস্তবায়নের মাধ্যমে ভূমি সংক্রান্ত সকল সেবার জন্য একটি একক কাঠামো (Common Platform) সৃষ্টি করা হয়েছে এবং আন্ত:চলমানতা (Interoperability) নিশ্চিত করা সম্ভব হয়েছে। এই কাঠামোর অধীনে তৈরিকৃত যে কোনো ভূমি-সেবা পরস্পরের সাথে সমন্বিত (Integrated) থাকবে এবং একটিমাত্র সেবাকেন্দ্রের (www.land.gov.bd) মাধ্যমে ভূমি সংক্রান্ত সকল সেবা সহজে প্রদান করা সম্ভব হবে। অধিকন্তু ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে যুক্ত ই-নামজারি সেবা এটুআই প্রোগ্রামের কারিগরি সহযোগিতায় বর্তমানে ১০৯টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে এবং আর-এস খতিয়ান সিস্টেম (RS-K)-এ সর্বশেষ জরিপের ৯০ লক্ষাধিক খতিয়ান যুক্ত করা হয়েছে। এ দুটি সেবা ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে পরস্পর সমন্বিতভাবে কাজ করে।

৩। ভূমি রেজিস্ট্রেশন-এর সঙ্গে নামজারি সেবা ওতপ্রোতভাবে জড়িত বিধায় ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রম ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে যুক্ত হলে সেবা প্রত্যাশীগণ ভূমিসেবা ডিজিটাইজেশনের অধিকতর সুফল পাবেন। এ পরিপ্রেক্ষিতে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করা অতীব জরুরি।

৪। এমতাবস্থায়, জনবান্ধব ভূমিসেবা প্রদানের অভিলক্ষ্যে ভূমি রেকর্ড, রেজিস্ট্রেশন ও নামজারি কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমকে ভূমি-তথ্য ও সেবা কাঠামোতে সংযুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪-১২-২০১৭
মোঃ শাহগীর আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৩৯৫
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: eg_sec@cabinet.gov.bd

সচিব
সচিবের দপ্তর
আইন ও বিচার বিভাগ